দৈনিক
ইত্তেফাক

তারিখ ....23 JAN 2015..
পৃষ্ঠা ... ২ ... কলাম.... ৭. ......

# জাতীয় বিশ্ববিদ্যালয় সেশন জটমুক্ত করার কর্মসূচি ঘোষণা

■ ইত্তেফাক রিপোর্ট

বর্তমানে সেশনজট সর্বোচ্চ দেড় বছর জানিয়ে ২০১৮ সালের মধ্যে বিশ্ববিদ্যালয়টিকে সেশনজট মুক্ত করার ঘোষণা দিয়েছে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। এ লক্ষ্যে জরুরি কর্মসূচি (ক্রাশ প্রোগ্রাম) গ্রহণ করা হয়েছে। এ কর্মসূচির আওতায় ২০১৮ সাল পর্যন্ত বিশ্ববিদ্যালয়টির অধীনে অনুষ্ঠিতব্য সকল পরীক্ষা ও ফলাফল প্রকাশের সময়সূচি প্রকাশ করা হয়েছে। সেশনজট দূর করতে এখন থেকে বিশ্ববিদ্যালয়ের সকল ক্লাস সকালে এবং বিকালে পরীক্ষা গ্রহণ করা হবে। পরীক্ষার জন্য ক্লাস বন্ধ না করারও সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার রাজধানীর ধানমন্ডিতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নগর কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক হারুন-অর-রশিদ এ ঘোষণা দেন।

সম্প্রতি প্রকাশিত ইউজিসির বার্ষিক প্রতিবেদনে জাতীয় বিশ্ববিদ্যালয় সম্পর্কে একটি বক্তব্য তথ্যভিত্তিক নয় মন্তব্য করে অধ্যাপক হারুন-অর-রশিদ বলেন, ভর্তি পরীক্ষা সম্পন্ন করার সাত-আট মাস বাদ দিলে জাতীয় বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত শিক্ষার্থীদের সেশনজট এক থেকে দেড় বছর। এ অবস্থাকে 'গুরুতর' বা ভয়াবহ বলা কতদূর সমীচীন, তা ভাববার বিষয়। জাতীয় বিশ্ববিদ্যালয়ের সেশনজট একদিনে তৈরি হয়নি। দিনে দিনে তা বেড়েছে। বিশ্ববিদ্যালয়কে সেশনজট মুক্ত করতে বিস্তারিত পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে ক্রাশ প্রোগ্রাম বাস্তবায়ন শুরু হয়েছে।